



শহীদ দুই সেনাসদস্যের পরিবারের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের হাটহাজারী ফিল্ড ফায়ারিং রেঞ্জে গোলা বিস্ফোরণে নিহত দুই সেনাসদস্যের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেন তিনি এবং সরকার ও সেনাবাহিনী সবসময় তাদের পাশে থাকবে বলে আশ্বাস দেন। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সকালে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন এবং তাদের প্রতি গভীর সমবেদনা জানান।

এ সময় প্রধানমন্ত্রীর স্ত্রী জুবাইদা রহমান, সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানসহ উর্ধ্বতন সেনা কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

তারেক রহমান বলেন, দেশের দায়িত্ব পালন করতে গিয়ে দুই সেনাসদস্য প্রাণ দিয়েছেন। তাদের আত্মত্যাগ জাতি শত্রুর সঙ্গে স্মরণ করবে। শোকাহত পরিবারগুলোর প্রয়োজনীয় সহযোগিতা ও দেখভালে সরকার দায়িত্ব পালন করবে বলেও জানান তিনি।

সেনাবাহিনীর পক্ষ থেকে নিহতদের স্থায়ী ঠিকানায় পরিবারের জন্য একটি করে বাড়ি নির্মাণের উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি তাদের স্ত্রীদের চাকরি এবং সন্তানদের মাসিক ভাতা দেওয়ার কথাও জানানো হয়েছে।

গত ৯ সেপ্টেম্বর হাটহাজারী ফিল্ড ফায়ারিং রেঞ্জে ট্যাংক ফায়ারিংয়ের সময় গোলা বিস্ফোরণে সৈনিক (অপারেটর) আবু বকর সিদ্দিক ও সৈনিক (গানার) মো. তাসনিম রিফায়াত শহীদ হন।

আবু বকর সিদ্দিকের পরিবারের পক্ষ থেকে সাক্ষাতে ছিলেন তার স্ত্রী সুরাইয়া আক্তার জুতি, মেয়ে ফাতেমা সিদ্দিকা, বাবা আব্দুল ওহাব ও মা পারভীন আক্তার। তাসনিম রিফায়াতের পরিবারের পক্ষ থেকে ছিলেন তার স্ত্রী মোসা. ফাহিমদা আফরিন, মেয়ে রাফসা তাসনিম ইফরা ও বাবা মো. আসাদুল হক।